গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
দুর্যোগব্যবস্থাপনাওত্রাণমন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশসচিবালয়, ঢাকা।

নং৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২৮৫ তারিখঃ ০৬/০৯/২০১৬
সময়ঃ বিকাল ৪.০০টা।

**বিষয়ঃ <u>দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।</u>**

আবহাওয়ার সতর্কবার্তা (Warning Message)

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ- বাংলাদেশের দক্ষিণপশ্চিমাংশ এবং তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিম অঞ্চলে অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা তৈরী অব্যাহত আছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্কতা সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে ।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে|

**<u>নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ (০৬.০৬.২০১৬ ভোর রাত ০১.০০ টা পর্যন্ত):</u>**

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ,সিলেট, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১ (এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম, রংপুর এবং সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হাল্কা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চতাপমাত্রা | ৩৩.৫ | ৩২.০ | ৩২.৭ | ৩৩.৮ | <u>৩৪.৬</u> | ৩৩.৬ | ৩৪.০ | ৩৩.০ |
| সর্বনিম্নতাপমাত্রা | ২৫.৮ | ২৬.৪ | <u>২৫.২</u> | <u>২৫.২</u> | ২৬.০ | ২৬.৩ | ২৫.৯ | ২৬.৫ |

*দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৪.৬° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রাংগামাটি,শ্রীমংগল ২৫.২° সে.।

০২। **<u>নদ-নদীরপানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ</u>** <u>(তথ্যসূত্রঃবন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)</u>

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৫ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৪০ টি | তথ্য পাওয়া যায় নি | ০১ টি |
| পানি হ্রাস পেয়েছে | ৪৪ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০৩ টি |

**নিম্নবর্ণিত ০৩ টি পয়েন্টে নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্র.নং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে (cm) |
|---|---|---|---|---|---|
| ০১ | যশোর | কপোতাক্ষ | ঝিকরগাছা | -০৩ | +৫৮ |
| ০২ | সিলেট | কুশিয়ারা | অমলশীদ | +৮ | +৩০ |
| ০৩ | সিলেট | কুশিয়ারা | শেওলা | +৪ | +২৬ |

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা ও কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে গঙ্গা-পদ্মা ও সুরমা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতলের বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতলের হ্রাস আগামী ৭২ ঘন্টায় অব্যাহত থাকতে পারে।
- সুরমা নদীর পানি সমতলের হ্রাস আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে|

**<u>গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ</u>** (গতকাল সকাল ৯.০টা থেকে আজ সকাল ৯.০টা):

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| টেকনাফ | ৭৭.০ | শেওলা | ৪৫.০ |

৩। **বর্তমান পরিস্থিতিঃ**

বর্তমানে কপোতাক্ষ নদ এবং কুশিয়ারা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। দেশের অন্যান্য সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

৪। **অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফ্যান্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ দেশের কোথাও থেকে অগ্নিকান্ড সংঘটিত হওয়ার কোন সংবাদ পাওয়া যায় নি।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিংকরার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭**x**২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ **NDRCC**'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬;
**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০;**
**Email:**ndrcc@modmr.gov.bd মোবাইল নম্বরঃ অতিরিক্ত সচিব (দুব্যক) ০১৯৩৭-১৬৩৫৮২, উপসচিব (এনডিআরসিসি) ৯৫৪৬৬৬৩; ০১১৯৫২৪৩৬৩৯

স্বাক্ষরিত/
**(জি এম আব্দুল কাদের)**
উপসচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

**সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদমর্যদার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার,সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী,ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা,পিআইডি,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্মসচিব (প্রশাঃ/বাজেট/দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (সেবা/দুব্যক-২/দুব্যক-১/প্রশাঃ/প্রশিক্ষণ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রান-২)/উপ-প্রধান(পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়